

NAME \_\_\_\_\_ CLASS \_\_\_\_\_ SECTION \_\_\_\_\_ ROLL No. \_\_\_\_\_

GRADE \_\_\_\_\_ Signature of the Evaluator \_\_\_\_\_

### বিষয়: বোধ পরীক্ষণ , বচন

১) নীচের অনুচ্ছেদটি পড়ে নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

দেশ সম্বন্ধে একটি কথা খুব স্পষ্ট করে বুঝতে হবে - দেশটা কেবল মাটি দিয়ে গড়া নয়। মানুষ দিয়েও গড়া। দেশকে ভালোবাসতে হবে। মনে রাখতে হবে যে, দেশের সব চাইতে বড়ো সম্পদ হল দেশের মানুষ, দেশের জনবল একটা মস্ত বড়ো বল। ভারতবর্ষ আকারে কত বৃহৎ তা আমাদের জানা আছে। জনসংখ্যার দিক থেকেও ভারতবর্ষ পৃথিবীর বৃহত্তম দেশগুলির অন্যতম। তোমরা বোধহয় জানো, এদেশে প্রায় একশো কোটি লোকের বাস। সারা পৃথিবীর লোকসংখ্যা ধরলে দেখা যায়, তার প্রায় এক-ষষ্ঠাংশ বাস করে ভারতবর্ষে। অর্থাৎ প্রত্যেক ছয়জন মানুষের মধ্যে এক জন ভারতবাসী। গর্ব করার মতো বটে; কিন্তু সবসময় সংখ্যাতেই কাজ দেয় না, দেখছ তো মাত্র পাঁচ কোটি ইংরেজ ভারতবাসীর উপর কত বৎসর রাজত্ব করে গেল। এর একমাত্র কারণ আমাদের নিজেদের মধ্যে কোনো একতা ছিল না।

বন্ধনী থেকে সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো:

অ) দেশ সম্বন্ধে যে কথাটি বুঝতে হবে - ( দেশটি মানুষ দিয়ে গড়া / দেশটি কেবল মাটি দিয়ে গড়া / দেশটি মাটি ও মানুষ দুই দিয়ে গড়া )

আ) দেশকে ভালোবাসতে হলে আগে- ( মাটিকে ভালোবাসতে হবে / মানুষকে ভালোবাসতে হবে / কোনটাই নয় )।

ই) দেশের সব চাইতে বড়ো সম্পদ - ( দেশের মাটি / দেশের পতাকা / দেশের মানুষ )।

ঈ) ভারতবাসীর উপর কত বৎসর রাজত্ব করে গেল- ( ইংরেজরা / ফরাসীরা / জার্মানরা )।

উ) 'বৃহত্তম'- শব্দটির বিপরীত শব্দ লেখো। \_\_\_\_\_

২) ক) বচন বলতে তুমি কি বোঝো ?

---

---

খ) বাংলা ভাষায় কি দ্বিবচন আছে ?

---

---

গ) এক বচন কাকে বলে ? একটি উদাহরণ দাও।

---

---

ঘ) বহুবচন কাকে বলে ? একটি উদাহরণ দাও।

---

---

৩) নীচে দেওয়া বাক্যগুলির রেখাঙ্কিত পদগুলি কোনটি কোন বচন লেখ:

ক) হরগাছি সোনা দিয়ে তৈরি।

---

---

খ) কে কে এখানে আসবে ?

---

---

গ) আকাশে একফালি চাঁদ উঠেছে।

---

---

ঘ) ছেলেটা বড়ো পাজি।

---

---

৪) বহুবচনে রূপান্তরিত করো:

ওকে \_\_\_\_\_

উহা \_\_\_\_\_

জল \_\_\_\_\_

তরু \_\_\_\_\_

আমাকে \_\_\_\_\_